



“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা  
সর্বোচ্চ অগ্রাধিকার”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন  
(পেট্রোবাংলা)

...

সভাপতি	ফারহানা শাওন মহাব্যবস্থাপক (অনুসন্ধান)
সভার তারিখ	০৯-১১-২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	সভাকক্ষ, পেট্রোবাংলা
উপস্থিতি	পরিশিষ্ট-ক

পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণের লক্ষ্যে সংস্থার অফিস আদেশ নং- পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণের লক্ষ্যে সংস্থার অফিস আদেশ নং- ২৮.০২.০০০০.০১১.৩৭.০৬৩.২২.৩০৫ তারিখ: ০১-১১-২০২২ এর মাধ্যমে পুনর্গঠিত কমিটির একটি সভা গত ০৯-১১-২০২২ তারিখে সংস্থার সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি ও কমিটির আহ্বায়ক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত “মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭” এবং “পেট্রোবাংলা’র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” এ বর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা করা হয়।

২। সভাপতি সভাকে অবহিত করে যে, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুযায়ী অংশীজন বলতে মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/অধিদপ্তর/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয়ের অভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী যে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান এবং আওতাধীন/সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ কিংবা তাদের কর্মচারী/কর্মকর্তা-কে বুঝাবে। অংশীজনের অংশগ্রহণে কমপক্ষে ২টি সভা আয়োজন করা গেলে বর্ণিত সূচকের বিপরীতে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হবে এবং পূর্ণ নম্বর পাওয়া যাবে। সভায় নভেম্বর মাসের মধ্যে একটি স্টেকহোল্ডার সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। এতদলক্ষ্যে সংস্থার অবসরপ্রাপ্ত পেনশনভোগী কর্মকর্তা-কর্মচারীগণের সঙ্গে তাদের সুবিধা-অসুবিধা নিয়ে ২০২২-২০২৩ অর্থ বছরের প্রথম স্টেকহোল্ডার সভা আয়োজন করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। সভাকে আরো অবহিত করা হয় যে, “পেট্রোবাংলা’র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” অনুযায়ী সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) তিন মাস অন্তর হালনাগাদ করতে হয়। সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদের লক্ষ্যে সংস্থার বেশকিছু বিভাগ/ডিপার্টমেন্ট-কে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তথ্যাদি কমিটি বরাবর প্রেরণের জন্য ইতোপূর্বে অনুরোধ করা হয়েছিলো। উল্লেখ্য যে, পেট্রোবাংলার ০৫টি


বিভাগ/ডিপার্টমেন্ট/শাখা; যথা: নিয়োগ শাখা, সংস্থাপন বিভাগ, হিসাব বিভাগ, এফএম বিভাগ এবং এমআইএস ডিপার্টমেন্ট হতে এ সংক্রান্ত কোনো তথ্যাদি অদ্যাবধি কমিটির নিকট প্রেরণ করা হয় নাই। এর পরিপ্রেক্ষিতে কমিটি কর্তৃক সিটিজেন্স চার্টার হালনাগাদের লক্ষ্যে নিয়োগ শাখা, সংস্থাপন বিভাগ, হিসাব বিভাগ, এফএম বিভাগ এবং এমআইএস ডিপার্টমেন্ট বরাবর তথ্য চেয়ে পুনরায় পত্র প্রেরণ করার বিষয়টি সভায় গুরুত্বের সাথে আলোচনা করা হয়।

৪। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) পেট্রোবাংলা'র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী সংস্থার অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের সঙ্গে নভেম্বর মাসের মধ্যে একটি স্টেকহোল্ডার সভা আয়োজন করা হবে।

খ) পেট্রোবাংলা'র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) যথাসময়ে হালনাগাদ করার লক্ষ্যে সংস্থার নিয়োগ শাখা, সংস্থাপন বিভাগ, হিসাব বিভাগ, এফএম বিভাগ এবং এমআইএস ডিপার্টমেন্ট বরাবর তথ্য চেয়ে পুনরায় পত্র প্রেরণ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ফারহানা শাওন  
মহাব্যবস্থাপক (অনুসন্ধান)


স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০২৬.৫৮.০০১.২২.৩২৮

তারিখ: ২৯ কার্তিক ১৪২৯

১৪ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ-মহাব্যবস্থাপক, বাস্তবায়ন-পরীক্ষণ ডিপার্টমেন্ট, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ২) ব্যবস্থাপক, ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ৩) ব্যবস্থাপক (ডেস্ক), অনুসন্ধান বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ৪) সহকারী ব্যবস্থাপক, তহবিল ও বীমা শাখা, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)



ফারহানা শাওন  
মহাব্যবস্থাপক (অনুসন্ধান)